বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী সময়ে ১৯৭৭ সালে প্রথম পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭ জারি করা হয়। পরবর্তীতে পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭ বিলুপ্ত করে ২০০৯ সালে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ প্রণীত হয়। এ আইনটি প্রণয়নের ফলে পৌরসভা'র কার্যসম্পাদন অনেক বেশী স্বচ্ছ, সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট হয়েছে।

## ২.৩. টিএলসিসি ও ডব্লিউসি এর জন্য বিদ্যমান আইনগত দলিলপত্র

পৌরসভা আইন, ২০০৯ এর ১২০ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে উক্ত আইনের ষষ্ঠ তফসিলে বর্ণিত যেকোনো বিষয় বা সকল বিষয়ে এবং যেসকল বিষয় প্রাসঙ্গিক ও পরিপূরক হয় সেসকল বিষয়ে সরকার বিধি প্রণয়ন করতে পারবে। এছাড়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক, সময় সময়, পৌরসভার কার্যাবলী সুশৃঙ্খলভাবে সম্পাদনের সুবিধার্থে প্রজ্ঞাপন, পরিপত্র, অফিস আদেশ, গাইড লাইন, মডেল-বাই-ল, ইত্যাদি জারি করতে পারবে। পক্ষান্তরে, একই আইনের ধারা- ১২১ (৭ম সিডিউল) এবং ধারা ১২২ (৮ম সিডিউল) অনুসারে পৌরসভাসমূহের, স্ব স্ব পৌরসভার জন্য, প্রবিধান ও উপ-বিধি প্রণয়নের এখতিয়ার রয়েছে।

স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) ইতোমধ্যে ২০১২ সালের ২৬ জুন তারিখে গেজেট নোটিফিকেশন এর মাধ্যমে পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্যপরিধি) বিধিমালা, ২০১২ জারি করেছে; যার অনুসরণে পৌরসভার ওয়ার্ড কমিটি গঠন ও এর কার্যক্রম পরিচালিত হবে। পক্ষান্তরে, এখনও পর্যন্ত পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ১১৫ অনুসারে টিএলসিসি গঠন ও এর কার্যপরিধি সম্পর্কিত কোন বিধিমালা প্রণীত না হলেও ১৮ অক্টোবর, ২০১২ তারিখের ১৬৪৫ নং স্মারকে সংশ্লিষ্ট একই বিষয়ে ইতিপূর্বে জারীকৃত ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকের অফিস আদেশে বর্ণিত ‘ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডাব্লিউএলসিসি) গঠন ও এর কার্যপরিধি’ অংশটি বাতিল করা হয়েছে; কিন্তু টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটি (টিএলসিসি) গঠন ও এর কার্যপরিধি অংশটি বলবৎ রাখা হয়েছে। অর্থাৎ পরবর্তী সরকারি নির্দেশনা জারি না হওয়া পর্যন্ত দেশের সকল পৌরসভায় ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকের নির্দেশনা অনুসরণে টিএলসিসি এর কার্যক্রম পরিচালিত হবে।

বক্স- ১:

### “পৌরসভা সম্পর্কিত আইন, বিধি ও অন্যান্য নির্দেশনাবলীর সংকলন”

পৌরসভার প্রশাসন পরিচালন ব্যবস্থার সাথে সম্পর্কিত যে সকল আইন, বিধি, প্রজ্ঞাপন, পরিপত্র, অফিস আদেশ, নির্দেশিকা, ইত্যাদি প্রণয়ন ও জারি করা হয়েছে তার সবই ছাপানো দলিল হিসেবে প্রকাশ করা হয়েছে। পৌরসভার কোন একজন কর্মকর্তা, কর্মচারি বা নির্বাচিত জনপ্রতিনিধির পক্ষে এসব দলিল সংগ্রহে রাখা ও এ বিষয়ে প্রতিনিয়ত হালনাগাদ থাকা একটি সমস্যা হিসেবে দেখা দেয়া স্বাভাবিক।


এ ধরনের সমস্যা সমাধানে পৌরসভার জন্য প্রণীত আইন, বিধি এবং অন্যান্য নির্দেশাবলী সম্পর্কিত একটি সংকলন কার্যকর ভূমিকা রাখতে পারে; যাতে পৌরসভা আইন, ২০০৯ সহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট বিধি-বিধান, পরিপত্র, অফিস আদেশ, নির্দেশিকা, ইত্যাদি সন্নিবেশিত থাকবে।

উল্লেখিত বিষয়সমূহসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের জারিকৃত আইন ও পৌরসভার জন্য প্রযোজ্য অফিস আদেশ, পরিপত্র, প্রজ্ঞাপন ইত্যাদি উক্ত সংকলনে অর্ন্তভুক্ত করা যেতে পারে; যার ফলে এগুলো সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারি ও নির্বাচিত জনপ্রতিনিধিদের ব্যবহার করার জন্য হাতের নাগালে থাকবে এবং পৌরসভা দফতার সাথে পরিসেবা প্রদানে সক্ষম হবে। সময় সময় নতুন প্রণীত আইন-কানুন ও আইনের/আদেশের সংশোধনী সন্নিবেশিত করে এ সংকলনটি হালনাগাদ করার ব্যবস্থা প্রবর্তন করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। আশা করা যায়, এ সংকলন পৌরসভায় সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে।

### ৩. নাগরিক অংশগ্রহণের প্রত্যাশিত “ইতিবাচক চক্র”

ডব্লিউসি ও টিএলসিসি এমন দুটি ‘প্ল্যাটফরম’ যেখানে নাগরিকবৃন্দ বা পৌরসভার নাগরিকগণ তাদের নাগরিক সুবিধার মান রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। কেউ কেউ মনে করতে পারেন যে, নাগরিকদের সম্পৃক্ত করার মাধ্যমে তারা যেরূপ প্রত্যাশা করে তেমন কার্যকর ফলাফল নাও পেতে পারে। কারণ, তারা মনে করে নাগরিকরা শুধুমাত্র তাদের অধিকার দাবী করে এবং সর্বদা অভিযোগ করে থাকে; কিন্তু তারা/ নাগরিকরা তাদের কর্তব্য সম্পাদনের ক্ষেত্রে কদাচিৎ দায়িত্ব পালন ও পৌরসভাকে সহযোগিতা করে থাকে। যাইহোক, বিষয়টি ভিন্ন আংগিক থেকে দেখলে পৌরসভার বাসিন্দাদের এরূপ দৃষ্টিভঙ্গিকে স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে তাদের অনুভূতির প্রতিফলন হিসেবেও বিবেচনা করা যায়।

পৌরসভার পরিবেশিত পরিষেবার তাৎক্ষণিক ফলাফলই কেবল মাত্র নাগরিকদের ইতিবাচক মনোভাব সৃষ্টিতে প্রভাব বিস্তার করে না, বরং এসকল পরিষেবা পরিবেশনের পদ্ধতি ও বাস্তবায়নের উপরও এর প্রভাব রয়েছে। পৌরসভার কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য এবং পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ যে পরিষেবা প্রদান করে তার মান উন্নয়নের জন্য, টিএলসিসি ও ডব্লিউসি’র মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণে নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ আবশ্যিক। মানসম্মত পরিষেবা প্রদান নাগরিকবৃন্দের পৌরসভার প্রতি আস্থা ও নাগরিক দায়িত্ববোধ বৃদ্ধি করে, যা বকেয়া কর আদায়ের ক্ষেত্রে তাদের সহযোগিতা ত্বরান্বিত করে। একইসাথে নাগরিকদের অংশগ্রহণ পৌরসভার পরিষেবা প্রদানের উপায় ও পৌরসভার অগ্রহ সম্পর্কে তাদেরকে সচেতন করে তোলে। এভাবে টিএলসিসি ও ডব্লিউসি, উভয়েই, পৌরসভা প্রশাসন ও পরিবেশিত পরিষেবার উপর অত্যন্ত ইতিবাচক প্রভাব বিস্তার করে থাকে, যা সময়ের পরিক্রমায় পৌরসভার প্রশাসন ও নাগরিকবৃন্দের জন্য একটি অভ্যাসজাত বিষয়ে রূপান্তরিত হবে। চিত্র-১ এ নাগরিক অংশগ্রহণের প্রত্যাশিত ইতিবাচক প্রভাবচক্র প্রদর্শিত হলো।



চিত্র- ১: নাগরিক অংশগ্রহণের প্রত্যাশিত ইতিবাচক চক্র

8. টিএলসিসি ও ডব্লিউসি এর কাঠামো এবং সার্বিক কার্যক্রম

8.1. ডব্লিউসি'র সংখ্যা, গঠন ও কার্য-পরিধি

8.1.1 ডব্লিউসি'র সংখ্যা

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-১৪ অনুসরণে প্রতি ওয়ার্ডে একটি করে অনধিক ১০ সদস্য বিশিষ্ট ডব্লিউসি গঠিত হবে এবং ঐ ওয়ার্ডের ওয়ার্ড কাউন্সিলর ডব্লিউসি'র সভাপতি হবেন। বর্তমান অবস্থায় পৌরসভা ভিত্তিক ডব্লিউসি'র সংখ্যা, ক্ষেত্রমতে, সর্বনিম্ন ৯টি এবং সর্বোচ্চ ২১ টি পর্যন্ত হতে পারে। প্রকৃতপক্ষে, পৌরসভা ভিত্তিক এসংখ্যা নির্ভর করবে, কতটি ওয়ার্ডের সমন্বয়ে ঐ পৌরসভা গঠিত, তার উপর।

8.1.2 ডব্লিউসি'র গঠন

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৪ নং ধারা অনুসরণে এবং একই আইনের ১২০ নং ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সরকার কর্তৃক জারিকৃত পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্যপরিধি) বিধিমালা, ২০১২ এর বিধি-৩ অনুসরণে পৌরসভা প্রতিষ্ঠার তিন মাসের মধ্যে উক্ত পৌরসভার প্রতিটি ওয়ার্ডে, পরিষদের অনুমোদনক্রমে, একটি করে ডব্লিউসি প্রতিষ্ঠা করা হবে।

বক্স- ২

কেস স্টাডিঃ চাঁদপুর পৌরসভায়  
নাগরিকবৃন্দের অংশগ্রহণ

যে সকল পৌরসভা, ইতোমধ্যে উদাহরণ হিসেবে টিএলসিসি ও ডাব্লিউএলসিসি এর “ইতিবাচক চক্র” সৃষ্টিতে সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছে, তার মধ্যে চাঁদপুর পৌরসভা অন্যতম। পৌর মেয়রের মতে যেকোনো পৌরসভার সাফল্যের জন্য নাগরিকদের অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের সভা আয়োজনের জন্য খুবই সীমিত বাজেটের প্রয়োজন হয়; কিন্তু এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল এরূপ ব্যয়ের তুলনায় অনেকগুণ বেশী। যদি কখনও এগুলো অকার্যকর হয়ে পড়ে তাহলে পৌরসভার সুশাসন ব্যাহত হবে ও পৌরসভার সাফল্য বিঘ্নিত হবে।

মোঃ নাছির উদ্দিন আহমেদ

মেয়র

চাঁদপুর পৌরসভা

উক্ত বিধি অনুযায়ী ডব্লিউসি'র গঠন-কাঠামো নিচের সারণীতে উল্লেখ করা হলো:

সারণী- ১: ডব্লিউসি'র গঠন কাঠামো

পদবি	প্রতিনিধিত্ব
সভাপতি	সংশ্লিষ্ট ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর
সহ-সভাপতি	ঐ ওয়ার্ডের (সংরক্ষিত আসন) মহিলা কাউন্সিলর
সদস্য	নগর দরিদ্র জনগোষ্ঠীর ৩ (তিন) জন প্রতিনিধি
সদস্য	নাগরিক সমাজের ২ (দুই) জন প্রতিনিধি
সদস্য	পেশাজীবী সংগঠনের ২ (দুই) জন প্রতিনিধি
সদস্য-সচিব	সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী

উল্লেখ্য বিধি-৩ এর উপ-বিধি-২ অনুযায়ী উপ-বিধি-১ এর অধীন গঠিত ওয়ার্ড কমিটির মোট সদস্যের মধ্যে ৪০% সদস্য মহিলা হবেন। এছাড়া সদস্য নির্বাচনে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা যেতে পারে :

- ক) ওয়ার্ডের মানুষের জীবন যাত্রা সম্পর্কে ওয়াকিবহাল, বিশেষত যারা দীর্ঘ সময় যাবৎ ওয়ার্ডের বাসিন্দা হিসেবে বসবাস করছেন, যাদের নেতৃত্ব প্রদানের দৃঢ়তা রয়েছে এবং নিজস্ব পরিবার ও সমাজের জন্য অবদান রাখার স্বাভাবিক প্রবণতা রয়েছে এমন ব্যক্তিদের ডব্লিউসি'র সদস্য হিসেবে নির্বাচনের বিষয়ে প্রাধান্য দিতে হবে।
- খ) ডব্লিউসি গঠন করে এর কার্য-পরিধিসহ একটি প্রজ্ঞাপন পৌরসভা কর্তৃক জারি করা হবে যার কপি সংশ্লিষ্ট সকল সদস্যদের মাঝে বিতরণ করা হবে এবং বিভিন্ন মাধ্যমে তা জনসাধারণের জানার জন্য প্রকাশ করা হবে।

#### ৪.১.৩ ডব্লিউসি'র কার্যাবলী

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৪ নং ধারায় প্রত্যেক ওয়ার্ডে ডব্লিউসি গঠন ও এর পরিচালন বিষয়ে বিধান দেয়া হয়েছে এবং উক্ত বিধানের আলোকে সরকার কর্তৃক 'পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্যবিবরণী) বিধিমালা- ২০১২' জারির মাধ্যমে ডব্লিউসি'র কার্য-পরিধি নির্দিষ্ট করে দেওয়া হয়েছে।

নিচের সারণীতে ডব্লিউসি'র কার্য-পরিধি বাস্তবায়ন কৌশল (কার্য-পরিধি ও তা বাস্তবায়নে করণীয়/উদ্যোগ) বিষয়ে আলোচনা করা হয়েছে:

সারণী- ২: ডব্লিউসি'র কার্য-পরিধি বাস্তবায়ন কৌশল

ডব্লিউসি'র কার্য-পরিধি	কার্য-পরিধি অনুযায়ী করণীয় নির্ধারণ / উদ্যোগ গ্রহণ
১ ওয়ার্ডের চলমান, বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুনগতমান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকগণের সাথে আলোচনা করা।	ডব্লিউসি'র সভাপতি সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার সূত্রপাত করবেন এবং ওয়ার্ডের নাগরিকদের সাথে আলোচনার পদ্ধতি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। অতপর উক্ত পদ্ধতিতে ওয়ার্ডের নাগরিকদের সাথে আলোচনা করা হবে।
২ ধারা ১১৫ এর অধীন গঠিত কমিটির সভায় ওয়ার্ডের অবকাঠামো এবং সেবা ও সমস্যাসমূহ উপস্থাপন করা	ডব্লিউসি'র সভাপতি কর্তৃক টিএলসিসি'তে উপস্থাপনের জন্য বিষয়বস্তু/ সমস্যা চিহ্নিতকরণ, প্রস্তাবনা তৈরি করে এবং টিএলসিসি'র সভায় উপস্থাপন করা হবে।

ডব্লিউসি'র কার্য-পরিধি	কার্য-পরিধি অনুযায়ী করণীয় নির্ধারণ / উদ্যোগ গ্রহণ
৩ জনগণকে কর, উপ-কর, ফিস, টোল ও রেইট, ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা।	জনগণকে কর, উপ-কর, ফিস, টোল ও রেইট, ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডব্লিউসি'র মাধ্যমে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হবে।
৪ জন্ম-মৃত্যু নিবন্ধনসহ অত্যাৱশ্যকীয় আর্থ-সামাজিক উপাত্ত সংগ্রহ।	জন্ম-মৃত্যু নিবন্ধন ও আর্থ-সামাজিক উপাত্ত সংগ্রহের কার্যকর উপায় নির্ধারণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা এবং তদানুযায়ী প্রয়োজনীয় উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ করা হবে।
৫ রাস্তার বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যাণমূলক প্রকল্প নির্ধারণের জন্য পরিষদকে পরামর্শ প্রদান।	ডব্লিউসি'র সভায় গৃহীত পরামর্শ মতে পরিষেবা ও জনকল্যাণমূলক প্রকল্প নির্ধারণের জন্য ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে পরিষদে প্রস্তাব প্রেরণ করা হবে।
৬ পরিষ্কার পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষ রোপণ বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করা।	বিভিন্ন বিষয়ে গণসচেতনতা সৃষ্টির জন্য প্রয়োজনীয় দ্রব্যাদি প্রস্তুত এবং কর্মপরিকল্পনা গ্রহণ করা। অতঃপর তা বাস্তবায়নের কর্মসূচি গ্রহণ করা, পৌরসভা থেকে বাজেট পাওয়ার ব্যবস্থা করা এবং কর্মসূচি বাস্তবায়ন করা।
৭ ওয়ার্ডের বিভিন্ন শ্রেণী ও পেশার লোকের সাথে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।	সংশ্লিষ্ট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধি করার জন্য কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নের বিষয়ে ডব্লিউসি'তে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ ও তা বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দের ব্যবস্থা করা এবং এ সম্পর্কিত কর্মসূচি গ্রহণ করা।
৮ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিভূক্ত (যেমন- ভিজিডি, ভিজিএফ, বয়স্কভাতা, ভর্তুকি ইত্যাদি) ব্যক্তিদের তালিকা তৈরি করে পৌরসভায় প্রেরণ করা	দুস্থ ব্যক্তি নির্ধারণের জন্য মানদণ্ড তৈরি করা, সেই মানদণ্ডের ভিত্তিতে তালিকা প্রণয়ন করে পৌরসভার নিকট সুপারিশসহ প্রেরণ করা।
৯ জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম, বিশেষতঃ বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারণের ক্ষেত্রে স্বচ্ছশ্রমের ভিত্তিতে সহায়তা করা।	স্বচ্ছশ্রমের ভিত্তিতে সহায়তা করার জন্য বিষয়সমূহ নির্ধারণ, স্বচ্ছশ্রম প্রদানের উপায় ও উপকরণ সম্পর্কে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ ও এরূপ কর্মকান্ড বাস্তবায়ন অব্যাহত রাখা।
১০ মহামারী ও প্রাকৃতিক দুর্যোগ মোকবেলায় জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা।	যখন এ রকম পরিস্থিতি আবির্ভূত হয় তখন এ সকল বিষয়কে আলোচ্যসূচির অন্তর্ভুক্ত করা এবং জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা ও তা বাস্তবায়ন করা।
১১ পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন সাপেক্ষে, প্রতি ছয় মাসে একবার ১৫০ জন গণ্যমান্য ব্যক্তিকে আমন্ত্রণ জানিয়ে ওয়ার্ডের সার্বিক কর্মকান্ড সম্পর্কে উন্মুক্ত আলোচনা করে, জনগণের মতামত বাস্তবায়নের জন্য তা পরিষদে প্রেরণ করা।	ডব্লিউসি'র মাধ্যমে এ ধরনের সভা বছরে ২ বার অনুষ্ঠানের উদ্যোগ নেয়া, নাগরিকদের মতামত গ্রহণ করা, জনগণের চাহিদার বা প্রয়োজনীয়তার তালিকা প্রস্তুত করা এবং এ বিষয়ে পরবর্তী করণীয় বাস্তবায়নের জন্য তা ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে পৌরসভার নিকট প্রেরণ করা ও পরিষদের সভার আলোচ্যসূচির অন্তর্ভুক্ত করে জনগণের মতামত বাস্তবায়নের প্রচেষ্টা গ্রহণ করা।
১২ সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত অন্য কোন দায়িত্ব পালন।	সরকার অথবা পরিষদ কর্তৃক অন্য কোন দায়িত্ব অর্পিত হলে তা ডব্লিউসি সভার আলোচ্যসূচির অন্তর্ভুক্ত করে সে বিষয়ে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ ও তা বাস্তবায়ন করা।

#### ৪.১.৪ ডব্লিউসি'র সভা আয়োজন

পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্যপরিধি) বিধিমালা-২০১২ এর বিধি-৪ এর অধীনে ওয়ার্ড কমিটির সভা সংক্রান্ত অনুসরণীয় নির্দেশনা দেয়া হয়েছে যা নিম্নে উল্লেখ করা হ'লঃ

- (১) ওয়ার্ড কমিটি প্রতি তিন মাসে ন্যূনতম একটি সভা অনুষ্ঠান করবে;
  - (২) ওয়ার্ড কমিটির সভাপতি উক্ত সভায় সভাপতিত্ব করবেন এবং তাঁর অনুপস্থিতিতে ওয়ার্ড কমিটির সহ-সভাপতির সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে এবং তিনি সভার সার-সংক্ষেপ আলোচনাপূর্বক সভার পরিসমাপ্তি ঘোষণা করবেন;
  - (৩) সভাপতির সাথে পরামর্শক্রমে ওয়ার্ড কমিটির সদস্য-সচিব সংশ্লিষ্ট সভার তারিখ, সময় ও আলোচ্যসূচি নির্ধারণপূর্বক সভা আহ্বান করবেন;
  - (৪) উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কমপক্ষে সাতদিন পূর্বে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে নোটিশ প্রদান করতে হবে না;
  - (৫) কমিটির পাঁচজন (৫০%) সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হবে, তবে মূলতবী সভার জন্য কোন কোরামের প্রয়োজন হবে না;
  - (৬) সভা অনুষ্ঠানের জন্য প্রদত্ত নোটিশে সুনির্দিষ্ট আলোচ্যসূচি উল্লেখ থাকবে এবং উল্লিখিত আলোচ্যসূচি অনুযায়ী সভা অনুষ্ঠিত হবে;
  - (৭) সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হবে;
  - (৮) কমিটির সভায় গৃহীত কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হলে, সভাপতি এর ব্যাখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করবে। এছাড়া ওয়ার্ড কমিটির সভা কার্যকর ভাবে অনুষ্ঠানে অন্যান্য যেসকল গুরুত্বপূর্ণ বিষয় অনুসরণ করা জরুরী তা নিম্নে আলোচনা করা হ'লঃ
- ক) একটি উপস্থিতির স্বাক্ষর 'শিট' উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর প্রদানের জন্য বিতরণ করা হবে এবং উপস্থিত সদস্যবৃন্দ শিটের চাহিদা মোতাবেক নাম ও অন্যান্য তথ্য লিখে তাদের স্বাক্ষর প্রদান করবেন;
  - খ) সভায় পূর্বনির্ধারিত আলোচ্যসূচির ধারাবাহিকতা অনুসারে আলোচনা অনুষ্ঠান করে সিদ্ধান্ত গৃহীত হবে;
  - গ) একটি বাঁধাই করা বইয়ে নির্ধারিত ফরম্যাটে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করা হবে। যার মধ্যে কাউন্সিলরসহ সকল উপস্থিত সদস্যের নাম অন্তর্ভুক্ত থাকবে;
  - ঘ) সভা চলাকালীন সময়ে সদস্যগণ অন্যদের বক্তব্য মনোযোগ সহকারে শুনবেন এবং ক্রমানুসারে আলোচনায় অংশগ্রহণ করবেন;
  - ঙ) সদস্যগণ বিদ্যমান সমস্যা নিয়ে শুধুমাত্র সমালোচনা না করে ভিন্ন আঙ্গিকে সমস্যা সমাধানের জন্য বিকল্প চিন্তা ভাবনা উপস্থাপন করে সম্মিলিত ভাবে সীমিত সামর্থ্যের মধ্যে সমাধানের উদ্যোগ সম্পর্কে পরামর্শ প্রদান করবেন; এবং
  - ছ) সদস্যগণ যাতে আলোচ্য বিষয়ের মধ্যে তাদের আলোচনা সীমিত রাখেন এবং অপ্রাসঙ্গিক আলোচনা থেকে বিরত থাকেন, সভাপতি তা নিশ্চিত করবেন।

#### ৪.১.৫ ডব্লিউসি সভার আলোচ্যসূচি

নির্ধারিত সময়ে সফলভাবে সভা অনুষ্ঠানের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো পূর্বনির্ধারিত আলোচ্যসূচি অনুসারে আলোচনার ধারাবাহিকতা রক্ষা করে সভা পরিচালনা করা। এজন্য সুচিহ্নিত আলোচ্যসূচি নির্ধারণ করা আবশ্যিক। এলক্ষ্যে ডব্লিউসি'র আলোচ্যসূচি নির্ধারণে নিম্নোক্ত নমুনা অনুসরণ করা যেতে পারেঃ



আলোচ্যসূচি- ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ;

আলোচ্যসূচি- ২: পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী কার্যক্রম / সিদ্ধান্ত গ্রহণ;

আলোচ্যসূচি- ৩: ডব্লিউসি'র উদ্দেশ্য ও কার্য-পরিধি অনুযায়ী অন্যান্য নির্ধারিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ; এবং

আলোচ্যসূচি- ৪: বিবিধ আলোচনা (যদি থাকে) ।

#### ৪.১.৬ ডব্লিউসি'র সভার কার্যপত্র/ কার্যবিবরণী ফরম্যাট

ডব্লিউসি'র সভার কার্যপত্র, নির্ধারিত আলোচ্যসূচি অনুসরণে তৈরি, এক প্রকার দলিল যাতে আলোচ্যসূচির বিভিন্ন বিষয় ধারাবাহিক ভাবে লিপিবদ্ধ করা হয়ে থাকে। এরূপ কার্যপত্র সভার পটভূমিসহ আলোচ্যসূচির ব্যাপারে সদস্যদের উপলব্ধি ও সাম্যক ধারণা সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করে। পক্ষান্তরে সভার সভাপতি হিসেবে ওয়ার্ড কাউন্সিলর একটি নির্দিষ্ট ধারাবাহিকতায় সভা পরিচালনা করতে পারেন এবং যেকোনো অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা থেকে সংশ্লিষ্ট সদস্যকে/আলোচনাকারীকে বিরত রাখতে পারেন। ফলে সদস্য-সচিব আলোচনা ও সিদ্ধান্তসমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ করতে সক্ষম হন। ডব্লিউসি সভা পরিচালনার জন্য কার্যপত্র তৈরি ও এর কার্যবিবরণী লিপিবদ্ধ করার জন্য একই আকৃতির ফরম্যাট ব্যবহার করার প্রক্রিয়া চালু করা গেলে উভয় কাজে দলিল প্রস্তুত করতে সময় ও পরিশ্রম দুটিই লাঘব হবে। কিভাবে একই আকৃতির ফরম্যাট ব্যবহার করে কার্যপত্র থেকে কার্যবিবরণী লিখতে হবে তার বিস্তারিত নির্দেশনাসহ নমুনা ফরম্যাট সংযুক্তি-১ এ সংযোজন করা হয়েছে। এছাড়াও কার্যপত্র ও কার্যবিবরণী লিপিবদ্ধ করার আরও কিছু সাধারণ পদ্ধতি নিম্নে বর্ণনা করা হলোঃ


- (১) একটি কার্যপত্রের ফরম্যাটের প্রথম কলামে এক-একটি করে নির্ধারিত আলোচ্যসূচি লিখুন এবং অন্য কলামসমূহ খালি রেখে দিন;
- (২) ডব্লিউসি'র সভার নোটিশের সাথে একটি করে কার্যপত্র সংযুক্তি হিসেবে সদস্যদের মাঝে বিতরণ করুন;
- (৩) সভা চলাকালীন সময়ে প্রতিটি আলোচ্যসূচির সাথে সংশ্লিষ্ট আলোচনা, অগ্রগতি পর্যালোচনা, সিদ্ধান্ত, সুপারিশ, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, কার্য সম্পাদনের জন্য নির্ধারিত সময়সীমা, ইত্যাদি সম্পর্কিত বিষয় দ্বারা কার্যপত্রের বাকী কলামসমূহ পূরণ করুন। এভাবে ডব্লিউসি সভার কার্যপত্র কার্যবিবরণী তে রূপান্তর হয়ে যাবে।

#### ৪.১.৭ প্রতিবেদন

ডব্লিউসি'কে প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের কার্যক্রমের অগ্রগতির বিষয়ে পৌরসভা পরিষদে প্রতিবেদন পেশ করতে হবে।

#### ৪.১.৮ ডব্লিউসি সভা অনুষ্ঠানের কার্য-চক্র

পূর্বের আলোচনা অনুসারে, ডব্লিউসি'র সভা প্রতি তিন মাস পর পর অনুষ্ঠান করতে হয়। একইভাবে সকল সভাকে কার্যকর করার জন্য কার্যসম্পাদনের সময়সীমা নির্ধারণ করাও জরুরী। সভাকে কার্যকর করে তোলা সকল সদস্যেরই দায়িত্ব, তবে কিছু কিছু সদস্যের প্রতি সুনির্দিষ্ট দায়িত্ব দেয়া থাকে। নিচে চিত্র-২ এ উল্লিখিত কার্যচক্রটি ডব্লিউসি'র সংশ্লিষ্ট সদস্যবৃন্দের জন্য সভা আয়োজনের বিষয়ে সহায়ক হতে পারেঃ



চিত্র- ২: ডব্লিউসি সভা অনুষ্ঠানের কার্য-চক্র

## ৪.২ টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটির (টিএলসিসি) গঠন ও কার্য-পরিধি

### ৪.২.১ টিএলসিসি প্রতিষ্ঠায় সরকারি নির্দেশনা

স্থানীয় সরকার বিভাগের ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৪ এবং ১১৫ ধারা মোতাবেক পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডে সর্বোত্তরের জনগণের অংশগ্রহণের মাধ্যমে মতামত প্রদানের অধিকতর সুযোগ সৃষ্টির লক্ষ্যে ওয়ার্ড সমন্বয় কমিটি (ডাব্লিউএলসিসি) ও শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) গঠন করা হয়। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগের ১৮ সেপ্টেম্বর, ২০১২ তারিখের ১৬৪৫ নং স্মারকে পূর্বের আদেশের ওয়ার্ড সমন্বয় কমিটির অংশটুকু বাতিল করে পৌরসভার (ওয়ার্ড কমিটি গঠন ও কার্যপরিধি) বিধিমালা-২০১২ জারি করা হয় এবং উক্ত আদেশের ০২ নং ক্রমিকে উল্লেখিত (খ) শহর সমন্বয় কমিটি ও ০৩ নং ক্রমিকে বর্ণিত অংশটুকু বলবৎ রাখা হয়। এর প্রেক্ষিতে ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকের অফিস আদেশে উল্লেখিত শহর সমন্বয় কমিটি গঠন ও এর কার্যপরিধি বলবৎ রয়েছে এবং সরকার কর্তৃক এ সংক্রান্তে ভিন্ন আদেশ না দেওয়া পর্যন্ত বা এ সংক্রান্তে কোন বিধিমালা কিংবা কোন অফিস আদেশ জারি না হওয়া পর্যন্ত উক্ত প্রক্রিয়ায় শহর সমন্বয় কমিটির কার্যক্রম পরিচালিত হবে।

### ৪.২.২ টিএলসিসি'র গঠন

পৌরসভা আইন- ২০০৯ এর ধারা ১১৫ অনুসারে প্রতিটি পৌরসভায় নির্বাচিত পৌরসভাকে সেবামূলক ও অন্যান্য কাজে জনগণের মতামত গ্রহণের উদ্দেশ্যে একটি করে টিএলসিসি গঠন করতে হবে; যার সর্বোচ্চ সদস্য সংখ্যা হবে ৫০। একই ধারার উপ-ধারা ২ অনুযায়ী উক্ত সভায় কর ধার্যকরণ ও আদায়সহ বিভিন্ন সেবা ও অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ড সম্পর্কে সদস্যদের মতামত ব্যক্ত করার সুযোগ থাকবে। টিএলসিসি'র গঠন কাঠামো ও কার্য-পরিধি পৌরসভা আইন ২০০৯ এর ৬ষ্ঠ

সিডিউলের ২৪ নং ক্রমিকের বর্ণনা মতে ১২০ নং ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সরকার বিধি প্রণয়নের মাধ্যমে নির্ধারণ করতে পারে।

যাইহোক, পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ নং ধারার অনুসরণে জারিকৃত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকের বলবৎ অংশের বর্ণনা অনুযায়ী টিএলসিসি'র গঠন কাঠামো নিম্নোক্ত সারণীতে প্রদত্ত হলো :

সারণী-৩ টিএলসিসি'র গঠন কাঠামো

১)	মেয়র	চেয়ারপার্সন	৫০ সদস্যের বেশী হবে না
২)	কাউন্সিলর (মেয়র কর্তৃক নির্ধারিত অনধিক ১২ জন)	সদস্য	
৩)	সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসক, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত, সমাজসেবা, সমবায়, টিএন্ডটি -০৮ জন)	সদস্য	
৪)	পেশাজীবী প্রতিনিধি (শিক্ষা, সংস্কৃতি, আইনজীবী, ব্যবসায়ী, চিকিৎসক-০৫ জন)	সদস্য	
৫)	NGO প্রতিনিধি-০৪ জন	সদস্য	
৬)	নাগরিক সমাজ -১২ জন	সদস্য	
৭)	শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি -০৭ জন	সদস্য	
৮)	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব	সদস্য-সচিব	

বর্ণিত কমিটি গঠনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবেঃ

- ১) প্রতি ওয়ার্ড থেকে ০১-০৩ জন সদস্য মনোনিত করা;
- ২) কমপক্ষে মোট সদস্যের ১/৩ অংশ মহিলা সদস্য অন্তর্ভুক্ত করা;
- ৩) টিএলসিসি'র সদস্য চূড়ান্তভাবে নির্বাচনের পূর্বে সম্ভাব্য যোগ্য নাগরিকদের সাথে যোগাযোগ করে অন্তর্ভুক্তিতে তাদের আহ্বান জানা, এবং
- ৪) প্রতিষ্ঠানের ভূমিকার গুরুত্ব বিবেচনা রেখে সহযোগী প্রতিষ্ঠান চিহ্নিত করা।

৪.২.৩ টিএলসিসি'র কার্য-পরিধি

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকে টিএলসিসি'র কার্য-পরিধি নির্ধারণ করে দেয়া হয়েছে। উক্ত কার্য-পরিধি এবং এর আলোকে করণীয় বিষয় নিম্নোক্ত সারণীতে বর্ণনা করা হলোঃ

সারণী-৪ টিএলসিসি'র কার্য-পরিধি ও কার্য-পরিধির আলোকে করণীয়

টিএলসিসি'র কার্য-পরিধি	কার্য-পরিধির আলোকে করণীয়
১) নাগরিকদেরকে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণের লক্ষ্যে সচেতন করাসহ পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা তৈরির বিষয় আলোচনার উদ্যোগ নেয়;	পৌরসভার মেয়র অথবা তাঁর অনুরোধে নির্বাহী কর্মকর্তা/ প্রকৌশলী পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন বিষয়ে আলোচনার করবেন এবং সংশ্লিষ্ট বিষয়ে এর প্রতিটি ধাপে নাগরিকদের অংশগ্রহণের প্রয়োজনীয়তার ব্যাপারে অবহিত/ সচেতন করবেন।
২) পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয় অগ্রগতি, সহযোগিতা ও তত্ত্বাবধান এবং মনিটরিং করা;	টিএলসিসি সভায় পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের অগ্রগতির বিষয়ে আলোচনা করা হবে। এছাড়া টিএলসিসি কি প্রক্রিয়ায় সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সহযোগিতা করবে/ সম্পৃক্ত হবে অথবা কিভাবে তা তত্ত্বাবধান ও মনিটরিং করবে সে বিষয়ে টিএলসিসি'তে

টিএলসিসি'র কার্য-পরিধি	কার্য-পরিধির আলোকে করণীয়
	আলোচনা করে স্থির করা হবে এবং তদনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।
৩) কমিটির সভায় পৌরসভার কর ধার্যকরণসহ কর আদায়ের বিষয়ে আলোচনা করা;	টিএলসিসি সভায়, সভাপতির নির্দেশে, সচিব, পৌর কর ধার্যকরণ ও আদায়ের বিষয়ে বিদ্যমান অবস্থা সদস্যগণকে অবহিত করবেন। অতঃপর এ বিষয়ে আলোচনা করতঃ এ সংক্রান্ত সমস্যা চিহ্নিকরণ ও তা সমাধানের ব্যাপারে টিএলসিসিতে পরামর্শমালা তৈরি করা হবে এবং তদনুযায়ী কর ধার্য ও আদায় সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হবে। এ বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।
৪) পৌরসভা কর্তৃক, পৌরবাসীকে বিভিন্ন সেবা প্রদান সংক্রান্ত বিষয়ে, আলোচনা করা;	পৌরসভা কর্তৃক পৌরবাসীর জন্য কি কি সেবা দেয়ার কথা, প্রকৃতপক্ষে কি কি সেবা প্রদান করা সম্ভব হচ্ছে এবং অন্যান্য বিষয়ে কি কারণে সেবা প্রদান সম্ভব হচ্ছে না সে বিষয়ে সভায় আলোচনা করা এবং সেবার মান উন্নয়নে উপস্থিত নাগরিকদের পরামর্শ গ্রহণসহ করণীয় বিষয়ে সিদ্ধান্ত নেয়া।
৫) কমিটি গঠনের ১৫ দিনের মধ্যে টিএলসিসি'র প্রথম সভা অনুষ্ঠান করা;	টিএলসিসি গঠনের ১৫ দিনের মধ্যে প্রথম সভা অনুষ্ঠানের বিষয়টি পৌর মেয়র নিশ্চিত করবেন।
৬) প্রতি তিন মাসে কমপক্ষে একটি সভা আহ্বান করা এবং প্রতিটি সভার কার্যবিবরণী তৈরি করা;	পৌর মেয়র প্রতি ৩ মাস অন্তর টিএলসিসি'র সভা অনুষ্ঠানের বিষয় নিশ্চিত করবেন এবং যথা সময়ে সভা অনুষ্ঠানের বিষয়ে নির্বাহী কর্মকর্তা/সচিবকে আগাম নির্দেশনা দিয়ে রাখবেন।
৭) পৌরসভা কর্তৃক বাস্তবায়িত উন্নয়নমূলক কর্মকাণ্ডের অগ্রগতি, গুণগতমান ও সমস্যা নিয়ে আলোচনা করা;	পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতি, গুণগতমান ও সমস্যা নিয়ে সভায় আলোচনা করা হবে, উপস্থিত নাগরিকদের মতামত গ্রহণ করা হবে এবং সমস্যা সমাধানের জন্য কি ব্যবস্থা নেয়া যায় সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এরূপ সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরবর্তী সভায় আলোচনা করা হবে।
৮) পৌরসভার পরিচালন ব্যবস্থাপনা উন্নয়নের বিষয়ে আলোচনা করা;	টিএলসিসি সভায় পৌরসভা পরিচালন বিষয়ের বিভিন্ন দিক তুলে ধরে উক্ত ব্যবস্থার উন্নয়ন ও তা গতিশীল করার বিষয়ে সদস্যদের পরামর্শ গ্রহণ করা হবে, পরামর্শ বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হবে এবং পরবর্তী সভায় ফলাফল আলোচনা করা হবে।
৯) পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডে নাগরিক সম্পৃক্ততা নিয়ে আলোচনা করা;	পৌরসভার বিদ্যমান উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে আলোচনা করা হবে, এ সকল কর্মকাণ্ডে পৌর নাগরিকগণ কিভাবে সম্পৃক্ত হবেন তা চিহ্নিত করে তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০) পৌরসভার স্থায়ী কমিটিসমূহের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করা; এবং	পৌরসভার প্রত্যেকটি স্থায়ী কমিটির সভাপতি তার কমিটির কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করবেন এবং টিএলসিসি'র মতামত গ্রহণ করবেন।
১১) সকল টিএলসিসি আলোচনা, সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করা এবং পরবর্তী সভাসমূহে সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অবস্থা আলোচনা করা ও এ ব্যবস্থা চালিয়ে যাওয়া।	টিএলসিসি সভার আলোচনা, পরামর্শ/সিদ্ধান্ত সমূহ নির্ধারিত পদ্ধতিতে কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করা হবে, পরবর্তী সভায় এর অগ্রগতি পর্যালোচনা করা হবে এবং এ ব্যবস্থা অব্যাহত থাকবে।

#### ৪.২.৪ টিএলসিসি'র সভা আয়োজন

টিএলসিসি প্রতি তিন মাসে ন্যূনতম একটি সভা অনুষ্ঠান করবে। নিচে সভা আয়োজনে করণীয় ও উদ্যোগসমূহ আলোচনা করা হ'লঃ

১. সভাপতির সাথে পরামর্শক্রমে টিএলসিসি'র সদস্য-সচিব সংশ্লিষ্ট সভার তারিখ, সময় ও আলোচ্যসূচি নির্ধারণপূর্বক সভা আহ্বান করবেন। পৌরসভার নোটিশ বোর্ডে উক্ত নোটিশ টাঙানোর মাধ্যমে তা জনসম্মুখে প্রকাশ করা হবে;

২. উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কমপক্ষে সাতদিন পূর্বে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে নোটিশ প্রদান করতে হবে না;
৩. কমিটির সভা আয়োজনের জন্য কোরাম পূরণ করতে হবে। কমিটির ৫০% সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হবে, তবে মূলতবী সভার জন্য কোন কোরামের প্রয়োজন হবে না;
৪. সভা অনুষ্ঠানের জন্য প্রদত্ত নোটিশে সুনির্দিষ্ট আলোচ্যসূচি উল্লেখ থাকবে এবং উল্লিখিত আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালিত হবে;
৫. পৌরসভার মেয়র টিএলসিসি'র সভায় সভাপতিত্ব করবেন এবং তিনি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের সার-সংক্ষেপ বর্ণনাপূর্বক সভার পরিসমাপ্তি ঘোষণা করবেন;
৬. টিএলসিসি'র সভাপতির অনুপস্থিতিতে প্যানেল মেয়র- ১ উক্ত সভায় সভাপতিত্ব করবেন;
৭. একটি উপস্থিতির স্বাক্ষর 'শীট' উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর প্রদানের জন্য বিতরণ করা হবে এবং উপস্থিত সদস্যবৃন্দ উক্ত শীটের চাহিদা মোতবেক নাম ও অন্যান্য তথ্যাদিসহ তাদের স্বাক্ষর প্রদান করবেন;
৮. সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হবে;
৯. সভায় পূর্বনির্ধারিত আলোচ্যসূচির ধারাবাহিকতা অনুসারে আলোচনা করে সিদ্ধান্ত গৃহীত হবে;
১০. কোন ক্ষেত্রে পূর্ববর্তী সভায় গৃহীত কোন সিদ্ধান্ত বাস্তবায়িত না হলে সভাপতি উক্ত বিষয়ে পরবর্তী সভায় ব্যাখ্যা প্রদান করবেন;
১১. একটি বাঁধাই করা বইয়ে নির্ধারিত ফরম্যাটে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করা হবে। যার মধ্যে সকল উপস্থিত সদস্যের নাম অন্তর্ভুক্ত থাকবে।
১২. প্রতিটি কার্যবিবরণী পরবর্তী সভায় অনুমোদিত হতে হবে এবং সভা অনুষ্ঠানের ১৪ দিনের মধ্যে তা টিএলসিসি'র সকল সদস্যের মাঝে বিতরণ করতে হবে এবং তা পৌরসভা নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচার করতে হবে।

#### ৪.২.৫ সভা চলাকালীন সময়ে সদস্যবৃন্দের নিকট থেকে প্রত্যাশিত আচরণ

- অন্যদের বক্তব্য মনোযোগ সহকারে শোনা এবং ক্রমানুসারে আলোচনায় অংশগ্রহণ করা;
- বিদ্যমান সমস্যা নিয়ে শুধুমাত্র সমালোচনা না করে ভিন্ন আঙ্গিকে সমস্যা সমাধানের জন্য বিকল্প চিন্তা ভাবনা করে সম্মিলিত ভাবে সীমিত সামর্থ্যের মধ্যে সমাধানের উদ্যোগ সম্পর্কে পরামর্শ প্রদান করা; এবং
- আলোচ্যসূচির বিষয়বস্তুর মধ্যে আলোচনা সীমিত রাখা এবং যেকোন প্রকার অপ্রাসঙ্গিক বিষয়ে আলোচনা থেকে নিজে থেকে বিরত রাখা।

#### ৪.২.৬ টিএলসিসি'র সভার আলোচ্যসূচি

নির্ধারিত সময়ে সফলভাবে সভা অনুষ্ঠানের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো আলোচনার ধারাবাহিকতা রক্ষা করা ও অপ্রয়োজনীয় বিষয় এড়িয়ে চলা। এ জন্য সুচিন্তিত আলোচ্যসূচি নির্ধারণ করা আবশ্যিক। এ লক্ষ্যে টিএলসিসি সভার আলোচন্যসূচি নির্ধারণে নিম্নোক্ত নমুনা অনুসরণ করা যেতে পারেঃ

- আলোচ্যসূচি- ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ;
- আলোচ্যসূচি- ২: পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;
- আলোচ্যসূচি- ৩: টিএলসিসি'র উদ্দেশ্য ও কার্যপরিধি অনুযায়ী অন্যান্য নির্ধারিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ; এবং
- আলোচ্যসূচি- ৪: বিবিধ আলোচনা (যদি থাকে)।

#### ৪.২.৭ টিএলসিসি সভার কার্যপত্র/ কার্যবিবরণী তৈরির ফরম্যাট


কার্যপত্র হচ্ছে এক প্রকার দলিল যেখানে টিএলসিসি সভা চলাকালীন সময়ে বিভিন্ন সমস্যার সমাধান কল্পে আলোচ্য বিষয়ে আলোচনার ধারাবাহিকতা লিপিবদ্ধ করা হয়ে থাকে। উক্ত কার্যপত্র, সভার পটভূমিসহ আলোচ্যসূচির ব্যাপারে, সদস্যদের উপলব্ধি ও সাম্যক ধারণা সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করে। পক্ষান্তরে কার্যপত্রটি অনুসরণে সভাপতি একটি নির্দিষ্ট ধারাবাহিকতায় সভা পরিচালনা করতে এবং সদস্য-সচিব আলোচনা ও সিদ্ধান্তসমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ করতে সক্ষম হন। টিএলসিসি সভা পরিচালনার জন্য কার্যপত্র তৈরি এবং এর কার্যবিবরণী লিপিবদ্ধ করার জন্য একই আকৃতির ফরম্যাট ব্যবহার করার প্রক্রিয়া চালু করা গেলে উভয় কাজে দলিল প্রস্তুত করতে সময় ও পরিশ্রম দুটিই লাঘব হবে। কিভাবে একই আকৃতির ফরম্যাট ব্যবহার করে কার্যপত্র থেকে কার্যবিবরণী লিখতে হবে তার বিস্তারিত নির্দেশনাসহ নমুনা ফরম্যাট সংযুক্তি-২ এ সংযোজন করা হয়েছে। এছাড়াও কার্যপত্র ও কার্যবিবরণী লিপিবদ্ধ করার আরও কিছু সাধারণ পদ্ধতি নিম্নে উল্লেখ করা হ'লঃ

- (১) একটি কার্যপত্রের ফরম্যাটের প্রথম কলামে একটি একটি করে নির্ধারিত আলোচ্যসূচি লিখুন এবং অন্য কলামসমূহ খালি রেখে দিন;
- (২) টিএলসিসি সভা আহ্বানের নোটিশের সাথে একটি করে কার্যপত্র সংযুক্তি হিসেবে বিতরণ করুন;
- (৩) সভা চলাকালীন সময়ে প্রতিটি আলোচ্যসূচির সাথে সংশ্লিষ্ট আলোচনা, অগ্রগতি পর্যালোচনা, গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশ, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, কার্য সম্পাদনের জন্য নির্ধারিত সময়সীমা ইত্যাদি সম্পর্কিত বিষয় দ্বারা বাকী কলামসমূহ পূরণ করুন। এর মাধ্যমে টিএলসিসি সভার কার্যপত্র থেকে কার্যবিবরণী প্রস্তুত হয়ে যাবে।

#### ৪.২.৮ টিএলসিসি এর সভার কার্য-চক্র

পূর্বের আলোচনা অনুসারে, টিএলসিসি'র সভা প্রতি তিন মাস পর পর অনুষ্ঠান করতে হয়। একইভাবে সকল সভাকে কার্যকর করার জন্য কার্যসম্পাদনের সময়সীমা নির্ধারণ করাও জরুরী। সভাকে কার্যকর করে তোলা সকল সদস্যেরই দায়িত্ব, তবে কিছু কিছু সদস্যের প্রতি সুনির্দিষ্ট দায়িত্ব দেয়া থাকে।


নিচের চিত্র-৩ এর কার্য-চক্রটি টিএলসিসি'র সংশ্লিষ্ট সদস্যবৃন্দের জন্য সভা আয়োজনের বিষয়ে সহায়ক হতে পারেঃ



চিত্র-৩ : টিএলসিসি সভা অনুষ্ঠানের কার্য-চক্র

৪.২.৯ ডব্লিউসি ও টিএলসিসি'র মাধ্যমে পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া প্রবাহ ও পৌরসভা কর্তৃক পরিবিক্ষণ টিএলসিসি ও ডব্লিউসি হচ্ছে পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অংশ, যা শুরু হয় ওয়ার্ড পর্যায়ে আর শেষ হয় পৌর পরিষদে। প্রাথমিক পর্যায়ে ওয়ার্ডের জনগণের চাহিদা ও পৌরসেবা সম্পর্কিত দাবি নাগরিকদের দ্বারা একক ও যৌথভাবে ওয়ার্ডের কাউন্সিলরের নিকট উপস্থাপিত হয়ে থাকে। অন্যান্য বিষয়ের সাথে ঐ সকল দাবিসমূহ ডব্লিউসি'তে আলোচিত হয় এবং এর সভার কার্যবিবরণী টিএলসিসি'র সভার আলোচ্যসূচির মধ্যে অন্তর্ভুক্ত করা ও তা নিয়ে আলোচনা করার অনুরোধসহ মেয়রের নিকট প্রেরণ করা হয়। টিএলসিসি'তে এসকল বিষয় যাচাই বাছাইয়ের পর বাস্তবায়নের সুপারিশ করা হয়, যা যে বিষয়গুলি আরো পরীক্ষা-নিরীক্ষা করা প্রয়োজন সেগুলো সংশ্লিষ্ট স্থায়ী কমিটির নিকট প্রেরণ করা হয়। এরপর টিএলসিসি ও স্থায়ী কমিটির সুপারিশ পৌর পরিষদে পেশ করা হয়। পৌরসভা যেসব চাহিদা বাস্তবায়নযোগ্য বিবেচনা করে সেগুলো অনুমোদন পূর্বক তা বাস্তবায়নের সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করে। পরবর্তীকালে পরিষদের সিদ্ধান্তসমূহ মেয়রের মাধ্যমে টিএলসিসিতে/ স্থায়ী কমিটিতে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে ডব্লিউসি'তে প্রেরিত হয়।

নিম্নে চিত্র-৪ এ টিএলসিসি ও ডব্লিউসি'তে নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার প্রবাহ প্রদর্শন করা হ'ল। অবশ্যই, উক্ত প্রবাহের বিষয় বস্তু উদ্দেশ্য ভেদে খানিকটা পরিবর্তিত হতে পারে।



চিত্র- ৪: ডব্লিউসি ও টিএলসিসি'র মাধ্যমে পৌরসভার নাগরিকদের অংশগ্রহণে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া প্রবাহ

#### ৫. ডব্লিউসি ও টিএলসিসি সভার সময়ক্রম

ডব্লিউসি ও টিএলসিসি'র সভা ত্রৈমাসিক ভিত্তিতে, পৌরসভার বিভিন্ন কার্যক্রমের জন্য প্রণীত পরিকল্পনার মধ্যে সমন্বয়ের মাধ্যমে, আয়োজন করা আবশ্যিক। যেকোনো নতুন অর্থ বছরের শুরুতে গুরুত্বপূর্ণ তারিখসমূহ চিহ্নিত করা, নির্দিষ্ট সময়ে তাদের পর্যালোচনা করা এবং প্রয়োজন অনুসারে পরিকল্পনার সংশোধন করার মাধ্যমে বার্ষিক ক্যালেন্ডার প্রণয়নের জন্য এটা সহায়ক। এছাড়া একটি ক্যালেন্ডার থাকার কারণে ডব্লিউসি ও টিএলসিসি'র সদস্যবৃন্দ পৌরসভার অন্যান্য গুরুত্বপূর্ণ কাজ ও সেগুলোর সর্বশেষ সময়সীমার সাথে মিলিয়ে, কখন তাদের সভা আয়োজন করা প্রয়োজন, তা সহজেই নির্ধারণ করতে পারে, এবং আগেভাগেই তাদের কর্মকান্ডের পরিকল্পনা করতে পারে। সঠিক পরিকল্পনা, ডব্লিউসি ও টিএলসিসি'র সদস্যবৃন্দকে, গঠনমূলক ও কার্যকর অবদান রাখতে সহায়তা করতে পারে।

#### ৬. অর্থ বছরের ক্যালেন্ডার/ কর্ম-পরিকল্পক (জুলাই - জুন)

পৌরসভার অর্থ বছর শুরু হয় প্রতি বছরের জুলাই মাসে এবং শেষ হয় পরবর্তী বছরের জুন মাসে। অর্থ বছর হচ্ছে সেই সময় যার মধ্যে কেন্দ্রীয় সরকার তার পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য বাজেট বাস্তবায়ন করে থাকে এবং বাজেটের বরাদ্দকৃত অর্থ ব্যয় করে। উক্ত ১২ মাস সময়ের মধ্যে ডব্লিউসি ও টিএলসিসি'র সভা ত্রৈমাসিক ভিত্তিতে বা আরও কম সময়ের ব্যবধানে আয়োজন করতে হয়। এ সভার পরিকল্পনা করার সময়, শুধুমাত্র চিহ্নিত তারিখসমূহের ব্যাপারে খেয়াল করলেই চলে না, এর সাথে পৌরসভার অন্যান্য কার্যক্রমের সাথে সমন্বয় করার জন্য আরও গভীর ভাবে এগুলোকে পর্যবেক্ষণ করতে হয়। উদাহরণ স্বরূপ বলা যায় যে, যদি নির্ধারিত সময়ে টিএলসিসিতে দাবি উত্থাপনের জন্য ডব্লিউসি'র সভা যথাসময়ে অনুষ্ঠিত না হয়, তাহলে তাদের দাবিসমূহ টিএলসিসি সভার আলোচ্যসূচির অন্তর্ভুক্ত হবে না, এবং ফলশ্রুতিতে ঐ নির্দিষ্ট অর্থ বছরে পৌরসভা কর্তৃক অনুমোদন লাভের সুযোগও হাতছাড়া হয়ে যেতে পারে। সেকারণে, এসব সভার তারিখ বা সময়সূচি অর্থ বছরে পৌরসভার অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মপরিকল্পনার সাথে সঙ্গতি রেখে নির্ধারণ করা অত্যন্ত কষ্টসাধ্য একটি কাজ। পৌরসভার জন্য নিচে প্রদর্শিত অর্থ বছরের ক্যালেন্ডার (সারণী-৫) পৌরসভার যথার্থ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সহায়ক হতে পারে। এতে কিছু গুরুত্বপূর্ণ দিবসের উল্লেখ আছে যা ডব্লিউসি ও টিএলসিসি'র সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করার সময় স্মরণ




রাখতে হবে। অর্থ বছরের শুরুতেই এ ধরনের ক্যালেন্ডার প্রণয়ন ও প্রয়োজন অনুসারে তা সংশোধন করা পৌরসভাসমূহের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ। নিচে একটি ক্যালেন্ডার প্রস্তুত ও তা অনুসরণের পদ্ধতি ব্যাখ্যা করা হলো।

- ১) সরকারের নিকট কোন প্রতিবেদন পেশ ও জনসমক্ষে উত্থাপনের জন্য অথবা কোন কাজ সমাপ্ত করার জন্য উপযুক্ত সময়সীমা চিহ্নিত করা;
- ২) এ রূপ প্রতিবেদন প্রস্তুত করার জন্য সময়সীমা নির্ধারণ করা;
- ৩) এ সকল প্রতিবেদন প্রস্তুতের জন্য যে যে সপ্তাহে সভা আয়োজন করতে হবে সে সপ্তাহগুলোকে চিহ্নিত করা;
- ৪) একটি সভার জন্য চিহ্নিত সময় অন্য কোন সভা বা গুরুত্বপূর্ণ কাজের সাথে সাংঘর্ষিক না হয় তা নিশ্চিত করা; এবং
- ৫) বছরের অগ্রসরতার সাথে সঙ্গতি রেখে প্রয়োজন অনুসারে পরিকল্পনা ও ক্যালেন্ডারের পরিবর্তন করা।



## ৭. পরিকল্পনা-কার্যকরণ-যাচাই-উদ্যোগ চক্র (PDCA Cycle)

পরিকল্পনা-কার্যকরণ-যাচাই-উদ্যোগ চক্র সম্পর্কে ভাল ধারণার উপর ভিত্তি করে অর্থ বছরের জন্য ক্যালেন্ডার প্রণয়ন করলে তাতে ক্যালেন্ডারের এর কার্যকারিতা বৃদ্ধি পেতে পারে। ‘পরিকল্পনা’ মানে সচেতন প্রস্তুতি; ‘কার্যকরণ’ মানে কার্যকর বাস্তবায়ন; ‘যাচাই’ মানে নীরিক্ষা; এবং ‘উদ্যোগ’ মানে কার্যকর ব্যবস্থা গ্রহণ। পিডিসিএ চক্রকে অন্য ভাবে “Deming Cycle” হিসেবে বলা হয়ে থাকে, যা বিভিন্ন বেসরকারি খাতের ক্রমাগত ব্যবসায়িক উন্নতির জন্য সহায়ক উপাদান হিসেবে কাজে লাগানো হয়, এবং তাদের প্রত্যাশিত লক্ষ্যমাত্রার ফলাফল বা পণ্য উৎপাদন বৃদ্ধি করে। যেহেতু পিডিসিএ চক্র বিশ্বব্যাপি সমাদ্রিত, পাবলিক খাতেও এ ব্যবস্থা প্রবর্তনের উদ্যোগ গতিবেগ পেতে শুরু করেছে। চার ধাপ মডেল, যা চক্রাকারে পুনরাবৃত্তি করে, এটাকে, জনগণের সম্পৃক্ততার মাধ্যমে, পৌরসভার পরিসেবার মান বৃদ্ধিতে কার্যকরভাবে ব্যবহার করা যেতে পারে। টিএলসিসি ও ডব্লিউসি’র কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে, মান সম্মত পরিসেবা প্রদানের ক্ষেত্রে নিশ্চয়তা প্রদান করতে ও আর্থিক ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পিডিসিএ চক্র অনুসরণ করলে পৌরসভার কর্মকাণ্ডেও সাফল্য অর্জন নিশ্চিত হতে পারে। নিম্নের চিত্র-৫ এ পিডিসিএ সাইকেল দেখানো হলোঃ



চিত্র- ৫: পিডিসিএ সাইকেল

সংযুক্তি- ১: ডব্লিউসি সভার কার্যপত্র/ কার্যবিবরণী ফরম্যাট

নির্দেশনা- ১

(ডব্লিউসি'র ১ম সভার জন্য)

১ম ডব্লিউসি এর সভার কার্যপত্র তৈরি

১. ডব্লিউসি'র প্রথম সভার জন্য তৈরি কার্যপত্রের নমুনা ফরম্যাটটি হাতে নিন।
২. ফরম্যাটের ১ম কলামটি পূর্বনির্ধারিত আলোচ্যসূচির দ্বারা ১ নং, ২নং ইত্যাদি আলোচ্য বিষয় হিসেবে পূরণ করুন এবং অন্যান্য কলামগুলো খালি রাখুন।
৩. ২য় আলোচ্যসূচির সকল কলাম খালি রাখুন।
৪. ১ম ডব্লিউসি সভার নোটিশের সংযুক্তি হিসেবে কার্যপত্রের (আলোচ্যসূচি- ১ ও ২) ফরম্যাটটি বিতরণ করুন।

প্রথম ডব্লিউসি সভার কার্যবিবরণী লিপিবদ্ধকরণ

১. প্রথম ডব্লিউসি সভার নোটিশের সাথে বিতরণকৃত কার্যপত্রের ফরম্যাটটি হাতে নিন এবং কার্যপত্র শব্দটি কেটে দিয়ে সেখানে কার্যবিবরণী শব্দটি লিখুন।
২. আলোচ্যসূচি- ১: আলোচ্যসূচি- ১ এর আওতাধীন সকল বিষয়ে আলোচনা করুন, সিদ্ধান্ত/ সুপারিশ গ্রহণ করুন, বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ নির্ধারণ করুন, সভায় কাজ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা/ সময়সীমা নির্ধারণ করুন এবং তা ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন।
৩. আলোচ্যসূচি- ২: অংশগ্রহণকারীদের আলোচনার কোন বিষয় থাকলে তা উপস্থাপনের জন্য আহ্বান করুন এবং বিষয়-১, বিষয়-২ এভাবে ১ম কলামের অন্তর্ভুক্ত করুন, সিদ্ধান্তে উপনিত হোন, বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ নির্ধারণ সহ কাজ বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করুন এবং তা ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন।
৪. উপরোক্ত পদ্ধতিতে কার্যপত্রের ফরম্যাটটি পূরণ করে প্রথম ডব্লিউসি'র সভার কার্যবিবরণী সম্পন্ন করুন।

প্রথম ডব্লিউসি সভার কার্যপত্রের জন্য তৈরি নির্ধারিত নমুনা ফরম্যাট অপর পৃষ্ঠায় উল্লেখ করা হলো

(প্রথম সভার জন্য)  
ডব্লিউসি'র ১ নং সভার কার্যপত্র

পৌরসভার নাম : -----  
 ওয়ার্ড নং : -----  
 সভার তারিখ : -----  
 উপস্থিতি : সংযুক্তি- অনুসারে-----

আলোচ্যসূচি- ১: কমিটির উদ্দেশ্য ও কার্যপরিধির আলোকে পূর্ব নির্ধারিত বিষয়বস্তুর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ	কাজ বাস্তবায়নের নির্ধারিত সময়
১	২	৩	৪	৫
বিষয়- ১				
বিষয়- ২				
বিষয়- ৩				

আলোচ্যসূচি- ২: বিবিধ আলোচনা (যদি থাকে)

সদস্যগণ কর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ	কাজ বাস্তবায়নের নির্ধারিত সময়
১	২	৩	৪	৫
বিষয়- ১				
বিষয়- ২				
বিষয়- ৩				

সভাপতির স্বাক্ষর:

নাম- ----- -----	তারিখ: ----- -----
---------------------	-----------------------

## নির্দেশনা- ২

(পরবর্তী ডব্লিউসি সভার জন্য)

ডব্লিউসি'র পরবর্তী সভাসমূহের জন্য কার্যপত্র তৈরি

১. ডব্লিউসি'র পরবর্তী সভার জন্য তৈরি নমুনা কার্যপত্রের ফরম্যাটটি হাতে নিন।
২. আলোচ্যসূচি- ১: ফরম্যাটের ১ নং কলামটি পূরণ করুন এবং অবশিষ্ট কলামগুলো খালি রাখুন।
৩. আলোচ্যসূচি- ২: পূর্ববর্তী সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত/ সুপারিশ এর বিষয় দ্বারা ১ নং কলাম এবং সিদ্ধান্ত/ সুপারিশসমূহের বাস্তবায়নের অগ্রগতির বিবরণ দ্বারা ২ নং কলাম পূরণ করুন এবং অবশিষ্ট কলামগুলো খালি রাখুন।
৪. আলোচ্যসূচি- ৩: ফরম্যাটের ১ম কলামটি পূর্বনির্ধারিত আলোচ্যসূচির দ্বারা ১নং, ২নং ইত্যাদি আলোচ্য বিষয় হিসেবে পূরণ করুন এবং অন্যান্য কলামগুলো খালি রাখুন।
৫. আলোচ্যসূচি-৪: ফরম্যাটের সকল কলাম খালি রাখুন।
৬. এভাবে তৈরি কার্যপত্র ডব্লিউসি সভার নোটিশের সাথে সংযুক্তি হিসেবে বিতরণ করুন।

ডব্লিউসি এর পরবর্তী সভার কার্যবিবরণী লিপিবদ্ধকরণ

১. পরবর্তী ডব্লিউসি সভার নোটিশের সাথে বিতরণকৃত কার্যপত্রের ফরম্যাটটি হাতে নিন এবং কার্যপত্র শব্দটি কেটে দিয়ে সেখানে কার্যবিবরণী শব্দটি লিখুন।
২. আলোচ্যসূচি- ১: ডব্লিউসি এর সদস্য-সচিব কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠিত হয়েছে মর্মে লিপিবদ্ধ করুন। অন্যান্য কলামসমূহ সভার উপস্থাপনা ও সিদ্ধান্ত দ্বারা পূরণ করুন;
৩. আলোচ্যসূচি- ২: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশ এবং সিদ্ধান্ত বা সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি কলাম- ১ ও কলাম- ২ এর ভিত্তিতে আলোচনা করুন এবং পরবর্তী কার্যক্রমের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করুন, সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ নির্ধারণ করুন, সভায় কাজ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা/সময়সীমা নির্ধারণ করুন এবং তা ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন।
৪. আলোচ্যসূচি- ৩: আলোচ্যসূচি- ৩ এর আওতাধীন ১ নং কলামে উল্লিখিত সকল বিষয়ে একটি একটি ক'রে আলোচনা করুন, সিদ্ধান্ত/ সুপারিশ গ্রহণ করুন, বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ নির্ধারণ করুন, সভায় কাজ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা/সময়সীমা নির্ধারণ করুন এবং তা ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন।
৫. আলোচ্যসূচি- ৪: অংশগ্রহণকারীদের আলোচনার কোন বিষয় থাকলে তা উপস্থাপনের জন্য আহ্বান করুন এবং বিষয়-১, বিষয়-২ এভাবে ১ম কলামের অন্তর্ভুক্ত করুন, আলোচনা করে সিদ্ধান্তে উপনীত হোন, সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ নির্ধারণ করুন এবং সভায় কাজ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা/সময়সীমা নির্ধারণ করুন এবং তা ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন।
৬. উপরের উল্লিখিত নির্দেশনা অনুযায়ী বিবরণসমূহ ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন এবং পরবর্তী ডব্লিউসি এর সভার কার্যবিবরণী সম্পন্ন করুন।

পরবর্তী ডব্লিউসি সভার কার্যপত্রের জন্য তৈরি নির্ধারিত নমুনা ফরম্যাট অপর পৃষ্ঠায় উল্লেখ করা হলো।

(পরবর্তী সভার জন্য)

ডব্লিউসি'র - - - - নং সভার কার্যপত্র

পৌরসভার নাম : -----  
ওয়ার্ড নং : -----  
সভার তারিখ : -----  
উপস্থিতি : সংযুক্তি- অনুসারে -----

আলোচ্যসূচি- ১ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ	কার্যবিবরণীর সঠিকতা বিষয়ক আলোচনা	সংশোধন (প্রয়োজন অনুসারে)	সিদ্ধান্ত (নিশ্চিতকরণ/ অনুমোদন সংশোধনসহ বা ব্যতিত)
১	২	৩	৪
ডব্লিউসি'র সদস্য-সচিব জনাব ----- কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করা হয়			

আলোচ্যসূচি- ২: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী কার্যক্রম/ সিদ্ধান্ত গ্রহণ

পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশসমূহ	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির মাত্রা	পরবর্তী গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ	সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ	কাজ বাস্তবায়নের নির্ধারিত সময়
১	২	৩	৪	৫
১.				
২.				
৩.				

আলোচ্যসূচি- ৩: কমিটির উদ্দেশ্য ও কার্যপরিধির আলোকে পূর্ব নির্ধারিত বিষয়বস্তুর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ	কাজ বাস্তবায়নের নির্ধারিত সময়
১	২	৩	৪	৫
বিষয়- ১				
বিষয়- ২				
বিষয়- ৩				

আলোচ্যসূচি- ৪: বিবিধ আলোচনা (যদি থাকে)

সদস্যগণ কর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ	কাজ বাস্তবায়নের নির্ধারিত সময়
১	২	৩	৪	৫
বিষয়- ১				
বিষয়- ২				
বিষয়- ৩				

সভাপতির স্বাক্ষর:

নাম: ----- -----	তারিখ: ----- -----
---------------------	-----------------------



সংযুক্তি- ২: টিএলসিসি সভার কার্যপত্র/ কার্যবিবরণী ফরম্যাট

নির্দেশনা- ১

(১ম টিএলসিসি সভার জন্য)

১ম টিএলসিসি সভার কার্যপত্র তৈরি

১. টিএলসিসি'র প্রথম সভার জন্য তৈরি কার্যপত্রের নমুন ফরম্যাটটি হাতে নিন।
২. ফরম্যাটের ১ম কলামটি পূর্বনির্ধারিত আলোচ্যসূচির দ্বারা ১নং, ২নং ইত্যাদি আলোচ্য বিষয় হিসেবে পূরণ করুন এবং অন্যান্য কলামগুলো খালি রাখুন।
৩. ২য় আলোচ্যসূচির সকল কলাম খালি রাখুন।
৪. ১ম টিএলসিসি সভার নোটিশের সংযুক্তি হিসেবে কার্যপত্রের (আলোচ্যসূচি- ১ ও ২) ফরম্যাটটি বিতরণ করুন।

প্রথম টিএলসিসি সভার কার্যবিবরণী লিপিবদ্ধকরণ

১. প্রথম টিএলসিসি সভার নোটিশের সাথে বিতরণকৃত কার্যপত্রের ফরম্যাটটি হাতে নিন এবং কার্যপত্র শব্দটি কেটে দিয়ে সেখানে কার্যবিবরণী শব্দটি লিখুন।
২. আলোচ্যসূচি- ১: আলোচ্যসূচি- ১ এর আওতাধীন সকল বিষয়ে একটি একটি আলোচনা করুন, সিদ্ধান্ত/ সুপারিশ গ্রহণ করুন, বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ নির্ধারণ করুন, সভায় কাজ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা/সময়সীমা নির্ধারণ করুন এবং তা ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন।
৩. আলোচ্যসূচি- ২: অংশগ্রহনকারীদের আলোচনার কোন বিষয় থাকলে তা উপস্থাপনের জন্য আহ্বান করুন এবং বিষয়-১, বিষয়-২ এভাবে ১ম কলামের অন্তর্ভুক্ত করুন, সিদ্ধান্তে উপনিত হোন, সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ নির্ধারণ করুন, কাজ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা/সময়সীমা নির্ধারণ করুন এবং তা ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন।
৪. উপরে বর্ণিত উপায়ে কার্যপত্রের ফরম্যাটটি পূরণ করে প্রথম টিএলসিসি সভার কার্যবিবরণী সম্পন্ন করুন।

প্রথম টিএলসিসি সভার কার্যপত্রের জন্য তৈরি নির্ধারিত নমুনা ফরম্যাট অপর পৃষ্ঠায় উল্লেখ করা হলো।

পৌরসভার নাম: -----

টিএলসিসি'র ১ নং সভার কার্যপত্র

সভার তারিখ : -----

উপস্থিতি : সংযুক্তি- অনুসারে -----

আলোচ্যসূচি- ১ : কমিটির উদ্দেশ্য ও কার্যপরিধির আলোকে পূর্ব নির্ধারিত বিষয়বস্তুর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ	কাজ বাস্তবায়নের নির্ধারিত সময়
১	২	৩	৪	৫
বিষয়- ১				
বিষয়- ২				
বিষয়- ৩				

আলোচ্যসূচি- ২: বিবিধ আলোচনা (যদি থাকে)

সদস্যগণ কর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ	কাজ বাস্তবায়নের নির্ধারিত সময়
১	২	৩	৪	৫
বিষয়- ১				
বিষয়- ২				
বিষয়- ৩				

সভাপতির স্বাক্ষর:

নাম: ----- -----	তারিখ: ----- -----
---------------------	-----------------------

## নির্দেশনা- ২

### (পরবর্তী টিএলসিসি সভার জন্য)

টিএলসিসি এর পরবর্তী সভাসমূহের জন্য কার্যপত্র তৈরি

১. টিএলসিসি'র পরবর্তী সভার জন্য তৈরি কার্যপত্রের নমুনা ফরম্যাটটি হাতে নিন।
২. আলোচ্যসূচি- ১: ফরম্যাটের ১ নং কলামটি পূরণ করুন এবং অবশিষ্ট কলামগুলো খালি রাখুন।
৩. আলোচ্যসূচি- ২: পূর্ববর্তী সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত/ সুপারিশ দ্বারা ১ নং কলাম এবং সিদ্ধান্ত/ সুপারিশসমূহের বাস্তবায়নের অগ্রগতির বিবরণ দ্বারা ২ নং কলাম পূরণ করুন এবং অবশিষ্ট কলামগুলো খালি রাখুন।
৪. আলোচ্যসূচি- ৩: ফরম্যাটের ১ম কলামটি পূর্বনির্ধারিত আলোচ্যসূচির দ্বারা ১নং, ২নং ইত্যাদি আলোচ্য বিষয় হিসেবে পূরণ করুন এবং অন্যান্য কলামগুলো খালি রাখুন।
৫. আলোচ্যসূচি-৪: ফরম্যাটের সকল কলাম খালি রাখুন।
৬. এভাবে তৈরি কার্যপত্র টিএলসিসি সভা আহ্বানের নোটিশের সাথে সংযুক্তি হিসেবে বিতরণ করুন।

টিএলসিসি'র পরবর্তী সভার কার্যবিবরণী লিপিবদ্ধকরণ

১. পরবর্তী টিএলসিসি সভার নোটিশের সাথে বিতরণকৃত কার্যপত্রের নমুনা ফরম্যাটটি হাতে নিন এবং কার্যপত্র শব্দটি কেটে দিয়ে সেখানে কার্যবিবরণী শব্দটি লিখুন।
২. আলোচ্যসূচি-১: টিএলসিসি এর সদস্য-সচিব কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠিত হয়েছে মর্মে লিপিবদ্ধ করুন। অন্যান্য কলামসমূহ সভার উপস্থাপনা ও সিদ্ধান্ত দ্বারা পূরণ করুন।
৩. আলোচ্যসূচি- ২: কলাম ১ ও কলাম ২ এ পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ সুপারিশ এবং সিদ্ধান্ত বা সুপারিশ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে আলোচনা করুন এবং পরবর্তী সিদ্ধান্ত/ সুপারিশ গ্রহণ করুন, সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/ গ্রুপ নির্ধারণ করুন, সভায় কাজ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা/সময়সীমা নির্ধারণ করুন এবং তা ফরম্যাটের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধ করুন।
